গাংনীর রামনগরে বাঁশ নিয়ে ফ্যাসাদ ! উভয়পক্ষের ৫ জনসহ আহত -৭

গাংনী উপজেলার রামনগর গ্রামে বাঁশ কাটাকে কেন্দ্র করে সৃষ্ঠ সংঘর্ষে দুই পক্ষের ৫ জন আহত হয়েছেন।

আহতরা হলেন, রামনগর গ্রামের মৃতু আব্দুস সাত্তারের ছেলে আমিরুল ইসলাম (৩৫) ও শহিদুল ইসলাম (৪০)। অপরপক্ষের আহতরা হলেন, মৃতু হারুন অর রশিদের ছেলে আজমত আলী (৬৫), ছেলে জিয়ারুল ইসলাম (৪৫) ও তার ছেলে সাহারুল ইসলাম (২১)।

আজ বৃহস্পতিবার (১৪ জুলাই) সকাল ৯ টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহতরা সকলেই গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্ের প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

আহত জিয়ারুল ইসলাম জানান, আমার বাবা দাদার পৈত্রিক সম্পত্তির উপর থাকা বাঁশ প্রতিপক্ষ শহিদুল ইসলাম ও আমিরুল কেটে নেয়। আমরা তাদের নিষেধ করলে আমাদের নানাভাবে গালাগাল করেন। প্রতিবাদ করলে তারা লাঠি শোঠা নিয়ে আমাদের উপর হামলা করেন। অপরদিকে শহিদুল ইসলাম অভিযোগ করেন, আমরা বাঁশ ঝাড়ের কিছু বাঁশ তাদের জমির উপর পড়লে প্রতিপক্ষরা সে বাঁশ তাদের দাবী করেন। আজ সকালের দিকে বাঁশ নিয়ে উভয় পরিবারের লোকজনের বাকবিতন্ডার এক পর্যায়ে সংঘর্ষ সৃষ্টি হয়। এতে উভয়পক্ষের ৫ জন আহত হন।

অপরদিকে গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামে প্রতিপক্ষের হামলায় আহত হয়েছেন মৃতু ওমর আলীর ছেলে জাহিদ (৩৫) ও চাঁদপুর গ্রামের মিলন হোসেনের ছেলে নাসিম হোসেন (১৩)।